

প্রেস বিজ্ঞপ্তি

ডিএফপির নিয়োগ পরীক্ষা ১৩ ডিসেম্বর

ঢাকা, ৫ ডিসেম্বর:

চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের (ডিএফপি) পাঁচ ধরনের ১১টি শূন্যপদ পূরণের জন্য নিয়োগের লিখিত পরীক্ষা ১৩ ডিসেম্বর, শুক্রবার বিকেল ৩টায় মতিঝিল সরকারি বালক উচ্চবিদ্যালয়ে অনুষ্ঠিত হবে। পদগুলো হলো সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর, সাব-এডিটর, রেফ্রিজারেশন মেকানিক, ড্রাইভার, প্লুফ রিডার ও কপিহোল্ডার।

প্রার্থীদের বর্তমান ঠিকানায় প্রবেশপত্র প্রেরণ করা হয়েছে। যেসকল প্রার্থী প্রবেশপত্র পাননি তাদেরকে জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ও দুইকপি পাসপোর্ট আকারের ছবিসহ ১২ ডিসেম্বরের মধ্যে ডিএফপি-তে যোগাযোগ করে ডুপ্লিকেট প্রবেশপত্র সংগ্রহের জন্য অনুরোধ করা হচ্ছে।

লিখিত পরীক্ষার দিনেই অধিদপ্তরের ওয়েবসাইটে ও নোটিশ বোর্ডে ফলাফল প্রকাশ করা হবে।

স. ম. গোলাম কিবরিয়া  
পরিচালক (প্রশাসন ও প্রকাশনা)  
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর  
ফোন: ০১৫৫২৩১৮১০৮